# উপজেলা পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর এর সেপ্টেম্বর, ২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ ইসাহাক আলী
প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, দিনাজপুর।
তারিখ : ১১.০৯.২০২৫ খ্রি.
সময় : সকাল- ১০:০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের তালিকা : 'ক'
অনুপস্থিত সদস্যগণের তালিকা: 'খ'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। তিনি সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্ব স্ব দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য আহবান জানান। অতঃপর নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে আপাতত কোন সমস্যা নেই। সভায় তিনি জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, ঢাকা এর গত ১০/০৯/২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২৫.৯৫ নং স্মারকে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-২২১০০০৪০০) থোক বরাদ্দ বাবদ ১ম কিস্তিতে ২১.৬০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে অনুপাতে ২০২৫-২০২৬ অর্থবছরে ০৪ কিস্তিতে মোট ৮৬.৪ লক্ষ টাকার প্রাপ্ত বরাদ্দ এবং উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত ৮২.০০ লক্ষ টাকার পি আই সি ও টেন্ডারের মাধ্যমে প্রকল্প গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>জনাব মো: নবীউল ইসলাম, চেয়ারম্যান ০১নং এলুয়াড়ী ইউনিয়ন সভায় জানান যে, এলুয়াড়ী গ্রামের মুখপুড়ি হতে শোলাকুড়ি তাজপুর বিওপি ক্যাম্প পর্যন্ত রাস্তা, গনিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে আমবাড়ী পর্যন্ত পাকা রাস্তাগুলি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাগুলি দ্রুত মেরামত করা প্রয়োজন। এছাড়াও জলপাইতলী পাকা রাস্তা হতে পানিকাটা মালিপাড়া পর্যন্ত রাস্তাটি পাকাকরণের জন্য ০২ বার টেন্ডার হওয়ার পরেও অজ্ঞাতকারণে রাস্তাটি সংস্কারের কাজ এখনও শুরু হয় নাই। রাস্তাটির কাজ দ্রুত শুরু করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার জন্য উন্নয়ন সহায়তায় প্রাপ্ত বরাদ্দ ও উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত হতে নীতিমালার আলোকে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর চলতি বর্ষা মৌসুমে চলাচলের অনুপযোগী রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর<br><br>চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) ইউপি |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। সভায় তিনি আরও জানান যে, ইদানিং ফুলবাড়ী উপজেলায় কুকুরের কামড়ে আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ী, দিনাজপুরে র‍্যাবিস ভ্যাক্সিন না থাকায় অর্থের অভাবে অনেক রোগী একটা বা দুইটা টিকা গ্রহণ করে আর টিকা গ্রহণ করছেন না, এতে রোগীদের জলাতঙ্ক রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। সাধারণ জনগণের স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি বিবেচনা করে উপজেলা পরিষদ হতে জরুরীভাবে র‍্যাবিস ভ্যাক্সিন সরবরাহের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জনস্বাস্থ্যের ঝুঁকি বিবেচনায় উপজেলা পরিষদ হতে জরুরীভাবে র‍্যাবিস ভ্যাক্সিন সরবরাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। রোপা আমনের প্রণোদনা বিতরণ চলমান আছে। সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার ফুলবাড়ী সভায় জানান উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ফুলবাড়ী, দিনাজপুরের চত্বরে অবস্থিত দুইটি জরাজীর্ণ ভবন অপসারণের নিমিত্তে নিলাম বিজ্ঞপ্তির আহবান করা হয়েছে। তিনি আরও জানান যে, পল্লী চিকিৎসার নামে যে অপচিকিৎসা চলছে তা নিয়ন্ত্রণের জন্য জনপ্রতিনিধিসহ উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে পল্লী চিকিৎসা রোধে সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধি কর্তৃক সার্বিক সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রশাসন ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপজেলা প্র বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী সভায় জানান যে, NTRCA কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ ও যোগদান কার্যক্রম চলছে। ৫২তম গ্রীষ্মকালীন খেলাধুলা আগামী ২০ সেপ্টেম্বর হতে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত ০৪টি ভেন্যুতে চলবে। ভেন্যুগুলো হলো ০১. সুজাপুর মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, ০২. সিদ্দিশী উচ্চ বিদ্যালয়, ০৩. দাদুল চকিয়াপাড়া উচ্চ বিদ্যালয়, ও ০৪. খাজাপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় মাঠ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। তিনি আরও জানান সুজাপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ফুলবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৮ | মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান VWB কর্মসূচির আওতায় নতুনচক্র (২০২৫-২৬) এর উপকারভোগীদের মাঝে কার্ড এবং জুলাই ২০২৫ ও আগস্ট ২০২৫ মাসের চাল বিতরণ করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ইউনিয়ন এবং পৌরসভায় প্রাপ্ত বরাদ্দ অনুসারে জুলাই ও আগস্ট দুই মাসের উপকারভোগীর তালিকা অনুমোদন করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ০৮টি ক্লাবের কার্যক্রম যথাযথভাবে চলছে। জুলাই ও আগস্ট মাসে ক্লাবের কিশোর কিশোরীদের নাস্তার বরাদ্দ না থাকায় স্থানীয়ভাবে নাস্তার ব্যবস্থা করা হয়েছে। যদি বরাদ্দ পাওয়া না যায় তাহলে আগামী ১২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ হতে নাস্তা সরবরাহ বন্ধ করা হবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে নাস্তা বরাদ্দ প্রদান করা হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঢোকার জন্য একটি সংযোগ রাস্তা প্রয়োজন। বৃষ্টি হলেই জলাবদ্ধতা সৃষ্টি হয়। জলাবদ্ধতার জন্য সাধারণ নাগরিক সেবা নিতে এসে বিব্রতকর অবস্থায় পড়ছে। অতি দ্রুত রাস্তাটি করে দেয়ার জন্য সভায় অনুরোধ করেন। এছাড়াও তিনি আরও জানান যে, আগামী মাসে ১৫ জন উপকারভোগীকে ১০ দিনের প্রশিক্ষণ এবং ৪০ জন উপকারভোগীর দক্ষতা উন্নয়ন বিষয়ক ০৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১১ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। সভায় তিনি আরও জানান যে, যুব উন্নয়ন অফিসটি উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত। তার দপ্তরের জনবল অনুযায়ী অফিস কক্ষের সংকট রয়েছে। অফিস কক্ষ বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে অফিস কক্ষ ফাঁকা হলে আলোচনা সাপেক্ষে কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৩ | উপজেলা আইসিটি অফিস | সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় সকল ইউনিয়ন পরিষদ ও সকল দপ্তর প্রধানগণ নিজ দায়িত্বে স্ব স্ব ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৪ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী হাট-বাজার নিয়মিত পরিদর্শন করে জাটকা সংরক্ষণ অভিযান পরিচালনা ও নিষিদ্ধ জাল জব্দ অব্যাহত রাখবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অনগ্রসর ভাতার কার্যক্রম চলমান আছে। চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পে রোল কার্যক্রম চলমান আছে। প্রশাসক, ফুলবাড়ী পৌরসভাসহ ০৭টি ইউনিয়নের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে মৃত্যু পরবর্তী অনলাইন আবেদন থেকে প্রার্থী নির্বাচন করে প্রতিস্থাপন করে তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ মৃত্যু পরবর্তী অনলাইন আবেদন থেকে প্রার্থী নির্বাচন করে প্রতিস্থাপন করে তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৬ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় এলুয়াড়ী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কাঁচা সংযোগ সড়কটি পুকুরপাড়ের ভাঙ্গনের কারণে জরাজীর্ণ ও যাতায়াতের অনুপযোগী হয়ে পড়েছে। অতিদ্রুত যথাযথ ব্যবস্থা না নিলে অত্র কেন্দ্রের সেবাগ্রহীতা কেন্দ্র থেকে সেবা গ্রহণে সমস্যার সম্মুখীন হবে। তাই উক্ত সংযোগ সড়কটি অতি দ্রুত নির্মাণ বা সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এলুয়াড়ী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কাঁচা সংযোগ সড়কটি পুকুরপাড়ের ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৭ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২ জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। চলতি আমন মৌসুমে কৃষকের চাহিদা মোতাবেক স্কীমে সেচ প্রদান করা হচ্ছে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৮ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৯ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সিনিয়র পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২০ | নেসকো | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। তবে ফুলবাড়ী পৌরসভার অন্তর্গত সুজাপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুরের ১,৬১,৯১২/- টাকার বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। প্রধান শিক্ষককে পত্র মারফত বারবার তাগিদ দিলেও বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করছেন না। উক্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী উপজেলার আওতাধীন সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সকল শিক্ষা প্রতিষ্ঠান সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২১ | হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | প্যানেল চেয়ারম্যান, কাজিহাল ইউপি ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে উপজেলা পরিষদ এখতিয়ারাধীন বড় ২টি হাট-বাজারের মধ্যে তাঁর ইউনিয়নের আটপুকুর হাট ও বাজার একটি। আটপুকুর হাটে দূর দূরান্ত থেকে অনেক ক্রেতা বিক্রেতা হাট ও বাজারে আসেন। ক্রেতা বিক্রেতার সুবিধার জন্য আটপুকুর হাটে নলকূপ স্থাপন করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, আটপুকুরহাট ও বাজারের মেইন ড্রেন নির্মাণ করা হয়। উক্ত ড্রেনের পানি নিষ্কাশনের জন্য মেইন ড্রেন হতে একটি নালা করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয়েছে। যেকোন সময়ে অবৈধ দখলকারীরা নালা বন্ধ করে দোকান ঘর স্থাপন করতে পারে। তাই মেইন ড্রেন হতে নয়নজলি পর্যন্ত একটি সংযোগ ড্রেন স্থাপন করা প্রয়োজন।<br><br>প্যানেল চেয়ারম্যান, ০৫নং খয়েরবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, খয়েরবাড়ী বাজার হতে খয়েরবাড়ী উচ্চ বিদ্যালয় মাঠ অভিমুখে রাস্তাটি সিসিকরণ করা জরুরী প্রয়োজন। | আটপুকুর হাট ও বাজারে ক্রেতা বিক্রেতার সুবিধার জন্য নলকূপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নলকূপ স্থাপন ও আটপুকুরহাটে মেইন ড্রেনের পানি নিষ্কাশনের জন্য মেইন ড্রেন হতে নয়নজলি পর্যন্ত সংযোগ ড্রেন স্থাপন প্রকল্প ০২টি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে খয়েরবাড়ী বাজার হতে খয়েরবাড়ী উচ্চ বিদ্যালয় মাঠ অভিমুখে রাস্তাটি সিসিকরণের জন্য হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |
| ২২ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর সাজা সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখার জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানদের অনুরোধ জানান। | চেয়ারম্যান, সকল ইউপি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর সাজা সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখবেন। | সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর গত ১৭ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৬২.২৫.২৩৪ নং স্মারকে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটি গঠন সংক্রান্ত পত্রটি উপস্থাপন করেন এবং ক্রমিক নং-০২ এর সদস্য হিসেবে উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত ০১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়নের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটিতে উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরকে সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | |
| | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে প্রায় বিভিন্ন সভা, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন করা হয়। সম্মেলন কক্ষের চেয়ার, সাউন্ড সিস্টেম না থাকায় ভাড়া নিয়ে অনুষ্ঠান আয়োজন করা হয়। ভাড়ায় আনা সাউন্ড সিস্টেমে অনেক সময় যান্ত্রিক ত্রুটি দেখা যায় এতে বক্তা ও শ্রোতা উভয়ে বিব্রতকর অবস্থায় পড়ে। প্রতিবার ভাড়ায় চেয়ার ও সাউন্ড সিস্টেম নেয়া অনেক ব্যয় বহুল হয়। আবার অনেক অনুষ্ঠান আয়োজনের জন্য বরাদ্দ থাকে না। তাই তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য চেয়ার ও সাউন্ড সিস্টেম ক্রয়ের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য চেয়ার ও সাউন্ড সিস্টেম ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | |
| | | সভায় তিনি আরও বলেন যে, উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ একটি গুরুত্বপূর্ণ দপ্তর, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের দাপ্তরিক কাযক্রম পরিচালনার জন্য জরুরীভাবে একটি কম্পিউটার ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদের যে পুরাতন কম্পিউটার আছে তা ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। তাই উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরীভাবে একটি কম্পিউটার ক্রয়ের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | |

২৩

উপজেলা পরিষদ চত্বরের বাসা-বাড়ীর বিভিন্ন মেরামত, আপ্যায়ন ও অন্যান্য দ্রব্য ক্রয় বাবদ খরচের ব্যয় বিবরণী ভূতাপেক্ষ অনুমোদনের নিমিত্ত নিম্নোক্তভাবে দাখিল করা হয়;

| | |
|---|---|
| মো: নাদির হোসেন, আনসার, এর আগস্ট ২০২৫ মাসের মজুরী বিল | ১৫,৪০০/- |
| মো: আতাউর রহমান, মালী এর জুলাই, ২০২৫ মাসের মজুরী বিল | ১৪,০০০/- |
| শ্রী নয়ন চন্দ্র বর্মন, পরিচ্ছন্নতা কর্মী এর জুলাই, ২০২৫ মাসের মজুরী বিল | ১৫,৪০০/- |
| উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের আগস্ট, ২০২৫ মাসের বিদ্যুৎ বিল | ১৬,৭৭১/- |
| জুলাই, ২০২৫ মাসের জীপ গাড়ীর জ্বালানী বিল | ৩০,১৩৮/- |
| আগস্ট, ২০২৫ মাসের আপ্যায়ন | ৩০,০০০/- |
| আগস্ট, ২০২৫ মাসের আনুষাঙ্গিক | ৫,০০০/- |
| জীপ গাড়ী সার্ভিসিং বিল | ১৭,২৫০/- |
| পানির লাইন মেরামত বিল | ৪৯,২০০/- |

উপরোক্ত ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৯/২০২৫

(মোঃ ইসাহাক আলী)
প্রশাসক
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৭৮২৪২৪



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৫২.০০২.২০২৫- ১২৪৭

তারিখ : ২৭ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। প্রশাসক, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান............................................... ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭। উপজেলা ................................................ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর। (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)

(মোঃ ইসাহাক আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর
ফোন- ০২৫৮৮৮৭৮২৪২৪
ই-মেইলঃ fulbariuno@gmail.com



CamScanner